

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬০

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ شَاكِيًا فَخَرَجَ يَتَوَكَّأُ عَلَى أُسَامَةَ وَعَلَيْهِ وَعَلِيهِ وَعَلَيْهِ وَعَل

#### বাংলা

৪৩৬০-[৫৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ ছিলেন। তখন তিনি উসামাহ্ (রাঃ)-এর উপর ভর দিয়ে বাইরে এলেন। সে সময় তাঁর গায়ে একটি ক্বিত্বরি (ইয়ামান দেশীয়) চাদর ছিল, যা তিনি উভয় কাঁধে জড়িয়ে পরেছিলেন এবং (এমতাবস্থায়) তিনি লোকেদেরকে নিয়ে সালাত আদায় করলেন। (শারহুস্ সুন্নাহ্)[1]

## ফুটনোট

[1] সহীহ: শারহুস্ সুনাহ্ ৩০৯২, তাহকীক মুসনাদে আহমাদ ১৯৭৮৭, ২৫১৮৪; সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬২২৪, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১১৪৫১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কিত্বরি কাপড় বলতে এক ধরনের ইয়ামানী কাপড় বুঝানো হয়েছে যা ডোরা কাটা ডিজাইনের। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কাপড়িট চাদরের মতো করে দুই কাঁধের উপর রাখেন। কেউ কেউ বলেছেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) চাদরটি ডান হাতের নিচ দিয়ে এনে বাম কাঁধের উপর রাখেন যেভাবে ইহরাম পরিধানকারীরা রাখেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন